Times Today BD

ডেস্ক রিপোর্ট | ঢাকা | 11 April, 2025

শুক্রবার (১১ এপ্রিল দুপুর ১টার দিকে সিদ্ধিরগঞ্জের মিজমিজি পশ্চিম পাড়া এলাকার একটি পুকুরের পাড় থেকে মরদেহগুলো উদ্ধার করা হয়।

উদ্ধার করা লাশগুলোর মধ্যে দুই নারী ও এক শিশু রয়েছে।তাদের নাম ও পরিচয় এখনো পাওয়া যায়নি।

পুলিশ ও স্থানীয়রা জানান, মিজমিজি এলাকার একটি পুকুরের পাড় থেকে স্থানীয়রা বস্তাবন্দী খণ্ড-বিখণ্ড মরদেহ দেখতে পেয়ে থানায় খবর দেয়।পরে পুলিশ গিয়ে লাশ উদ্ধার করেছে।এই চাঞ্চল্যকর ঘটনায় পুলিশ ও পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) ঘটনাস্থলে কাজ করছে।

বিষয়টি নিশ্চিত করেছেন নারায়ণগঞ্জ জেলার অতিরিক্ত পুলিশ সুপার তারেক আল মেহেদী।

তিনি বলেন, খন্ড বিখন্ড তিনটি লাশ উদ্ধার করা হয়েছে।ধারণ করা হচ্ছে, পারিবারিক কলহের জেরে এই ঘটনা ঘটে থাকতে পারে।তদন্ত করে বিস্তারিত বলা সম্ভব হবে।ঘটনা এখনো কাউকে আটক করা সম্ভব হয়নি।

সিদ্ধিগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ শাহীনুর আলম বলেন, মিজমিজি এলাকার একটি পুকুরে স্থানীয়রা বস্তা বন্দী খন্ড বিখন্ড মরদেহ দেখতে পেয়ে থানায় খবর দেয়।থানা পুলিশ ও পুলিশ ব্যুরো অফ ইনভেস্টিগেশন (পিবিআই) ঘটনাস্থলে আছে।

মরদেহ নারী ও শিশু পুলিশ পিবিআই

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:05

URL: https://www.timestodaybd.com/dhaka/546871619